দৈনিক জনকণ্ঠ

তারিখ APR 26 1999
পৃষ্ঠা 2 কলাম 7

120

# সূর্যসেন হলে সন্ত্রাসে অভিযুক্ত জাকির গ্রেফতার

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সূর্যসেন হলের ঘটনায় অভিযুক্ত বহিষ্কৃত ছাত্র জাকিরকে পুলিশ গতকাল রবিবার গ্রেফতার করেছে। বহিষ্কৃত

*(২ পৃষ্ঠা ১-এর কঃ দেখুন)*

## সূর্যসেন হলে সন্ত্রাসে *(প্রথম পাতার পর)*

অন্যরা ক্যাম্পাস ছেড়ে গা ঢাকা দিয়েছে।

গত শনিবার সূর্যসেন হলের ছাত্র সেলিমকে একদল ছাত্র পাশবিকভাবে চাপাতি দিয়ে কুপিয়েছে। এ ঘটনার পর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অভিযুক্ত সাত ছাত্রকে বহিষ্কার করেছে। রবিবার বিকাল পাঁচটায় পুলিশ জাকিরকে মোহাম্মদপুরের বাসা থেকে গ্রেফতার করেছে। পুলিশ জাকিরের বাসার চারদিক ঘেরাও করে রাখে। জাকির বাসার বাথরুমের গ্লাস ভেঙ্গে পালানোর সময় পুলিশ তাকে গ্রেফতার করে। পুলিশ অভিযুক্ত বাকি ছ'জনকে খুঁজছে। বাকি ছ'জন রাজনৈতিক আশ্রয় খুঁজছে 'কোন রকম বহিষ্কার আদেশ প্রত্যাহার করানো যায় কিনা'। সংশ্লিষ্ট সূত্রে প্রাপ্ত তথ্য অনুযায়ী কোন নেতাই তাদের বিষয়টি পাত্তা দিচ্ছে না।

### ছাত্রলীগের বিবৃতি

ছাত্রলীগ কেন্দ্রীয় কমিটির সভাপতি বাহাদুর বেপারী ও সাধারণ সম্পাদক অজয় কর খোকন এবং বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি সাজ্জাদ হোসেন ও সাধারণ সম্পাদক একেএম আজিম পৃথক দু'টি বিবৃতিতে অভিযুক্ত সাতজনকে তাৎক্ষণিকভাবে বহিষ্কার করায় উপাচার্যকে ধন্যবাদ জানিয়েছেন। বিবৃতিতে তাঁরা দাবি করেছেন অভিযুক্তদের সঙ্গে ছাত্রলীগের কোন সম্পর্ক নেই। বহিষ্কারের ঘটনায় ক্যাম্পাসের অনেক সাধারণ ছাত্র উপাচার্যকে ধন্যবাদ জানিয়ে বলেছে, 'এটি একটি সাহসী এবং ঐতিহাসিক সিদ্ধান্ত'।